

**নির্ঘণ্ট :**

তারিখ : ১৭ এপ্রিল, ২০২০ খ্রীষ্টাব্দ

দিন : শুক্রবার

স্থান : খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
(কুয়েট), খুলনা।

**সময়সূচী :**

- রেজিস্ট্রেশন শুরু: সকাল ০৯:০০ টা
- উদ্বোধনী অনুষ্ঠান : সকাল ১০:০০ টা
- প্রবন্ধ ও রিপোর্ট উপস্থাপন এবং উন্মুক্ত আলোচনা : সকাল ১১:০০ টা
- বিরতি: বেলা ১২:৪৫ - ২:৩০ মিনিট
- উন্মুক্ত আলোচনা ও সাংগঠনিক বিষয়ে আলোচনা: বেলা ২:৩০-৪:৩০ মিনিট।

জনাব,

আমরা আনন্দের সাথে জানাচ্ছি যে, আগামী ১৭ এপ্রিল, ২০২০ খ্রীষ্টাব্দ তারিখ, রোজ শুক্রবার খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট)-এ গণিত ফোরাম খুলনা-এর একাদশ খুলনা গণিত সম্মেলন এবং দশম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত সম্মেলন ও বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ করে অনুষ্ঠানকে সাফল্যমন্ডিত করার জন্য আপনাকে এবং আপনার গণিত বিষয়ের সহকর্মীদের সাদর আমন্ত্রণ জানাচ্ছি।

ধন্যবাদান্তে-

প্রফেসর ড. মোঃ জায়েদুর রহমান

আহ্বায়ক

একাদশ খুলনা গণিত সম্মেলন প্রস্তুতি কমিটি।

নিম্নরূপ সময়সূচী অনুযায়ী খুলনা শহর হতে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর নির্ধারিত বাস যোগে সম্মেলন স্থলে আসা যাবে। তবে ক্ষেত্রবিশেষে নির্ধারিত স্থানে বাস পৌঁছাতে ৫ মিনিট পর্যন্ত বিলম্ব হতে পারে।

**রুট নং ০১ :** ডাকবাংলা মোড় (সকাল ০৮:৪০ মিনিট); নতুন বাজার (০৮:৪৭ মিনিট); রূপসা ট্রাফিক মোড়, টুটপাড়া গোরস্থান, পিটিআই মোড়, রয়াল চত্তর (০৮:৫০ মিনিট); ফেরিঘাট মোড় (০৮:৫৭ মিনিট); শিববাড়ি, নিউমার্কেট (০৯:০০ মিনিট); বয়রা, বৈকালী, মুজগুনী, গোয়ালখালি (০৯:০৫ মিনিট)

**রুট নং ০২:** ময়লাপোতা (সকাল ০৮:৫০ মিনিট); নিরলা (০৮:৫৩ মিনিট); গল্পামারী (০৮:৫৫ মিনিট); মেডিকেল কলেজ, বয়রা বাজার (০৯:০০ টা); নতুন রাস্তা, দৌলতপুর (০৯:০৭ মিনিট); রেলিগেট (০৯:১০ মিনিট)।

\*\* পরবর্তীতে বাসের ড্রাইভার ও গণিত ফোরামের প্রতিনিধির ফোন নম্বর কুয়েটের ওয়েব পেজ (<http://www.kuet.ac.bd/department/MATH/>) দেয়া হবে।

\*\* সম্মেলনে অংশগ্রহণের জন্য ২০০/- (দুইশত) টাকা রেজিস্ট্রেশন ফি ধার্য করা হয়েছে (গণিত ফোরামের পত্রিকা 'গণিতপত্র' সহ)।

\*\* সম্মেলনে অংশগ্রহণকারীদের জন্য আপ্যায়নসহ মধ্যাহ্নভোজসহ ব্যবস্থা করা হবে। আপ্যায়নসহ অন্যান্য ব্যবস্থাপনার সুবিধার্থে আপনার/আপনাদের অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত হওয়া একান্ত প্রয়োজন বিধায় অনুগ্রহপূর্বক আগামী ১৫/০৪/২০২০ খ্রীষ্টাব্দ তারিখের মধ্যে আপনার নাম ও সদস্য নম্বরসহ (যদি থাকে) নিম্নলিখিত মোবাইল নম্বরের যে কোন একটিতে কল করে বা এস এম এস-এর মাধ্যমে জানানোর জন্য অনুরোধ করা হল।

মোবাইল নম্বরসমূহ:

- ০১৭৩৪৩৮৩৩৬৪ (প্রফেসর ড. এম এম তওহিদ হোসেন)
- ০১৯১১০৫৭২৩৫ (প্রফেসর ড. বি এম ইকরামুল হক)

বি: দ্র: ইতোপূর্বে যাঁরা গণিত ফোরামের সাধারণ সদস্য হিসাবে বাৎসরিক সদস্য ফি প্রদান করেছেন তাঁরা পূর্বে প্রদত্ত মোট সদস্য ফিসহ ১,২০০/- (এক হাজার দুইশত টাকা) প্রদান করে আজীবন সদস্য হতে পারবেন।